**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ফরিদগঞ্জ, চাঁদপুর।

স্মারক নং- ০০.২০.১৩৪৫.০০০.০৯.০০৩.২০-৮৯(৫০)

তারিখঃ ১৫ ফাল্গুন ১৯২৭
২৮ ফেব্রুয়ারি ২০২১

বিষয় ঃ **ফরিদগঞ্জ উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২১ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জনাব মোহাম্মদ জাহিদুল ইসলাম
চেয়ারম্যান, ফরিদগঞ্জ উপজেলা পরিষদ, চাঁদপুর।

সভার তারিখ ও সময়ঃ ২৮ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ফরিদগঞ্জ।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট- 'ক'।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। করোনা ভাইরাস থেকে সকলকে সচেতন থাকার জন্য পরামর্শ প্রদান করেন এবং স্বাস্থ্য বিধি যথাযথ পালনের জন্য সকলকে পরামর্শ প্রদান করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। বিস্তারিত আলোচনান্তে কোন প্রকার আপত্তি বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিভাগভিত্তিক কাজের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **আইসিটি বিষয়ক ঃ** উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল প্রসঙ্গে যথারীতি আলোচনা হয়। সেই সাথে সকল দপ্তরের চিঠিপত্র উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্যও আলোচনা করা হয়। | উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট করার জন্য উপজেলা সহকারী প্রগ্রোমার সহ সকল কর্মকর্তা ও ইউ,পি, চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা সহকারী পোগ্রামার, সকল কর্মকর্তা ও ইউ,পি, চেয়ারম্যানগণ। |
| ০২ | **উপজেলা প্রকৌশল বিভাগ ঃ** (ক) উপজেলা প্রকৌশলীর পক্ষে উপ-সহকারী প্রকৌশলী জানান, ২০২০-২১ অর্থ বছরে বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত করে প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সভায় আলোচনা করেন। | (ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের জন্য অনুমোদিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রনয়ন করে প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ফরিদগঞ্জ। |
| | (খ) তিনি আরো জানান বাষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় অনুমোদিত প্রকল্পগুলো প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন অনুমোদনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | (খ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নের জন্য প্রকল্পসমূহের প্রাক্কলন অনুমোদনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ফরিদগঞ্জ ও সংশ্লিস্ট (সকল)। |
| ০৩ | কৃষি বিভাগ ঃ (ক) উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান ফরিদগঞ্জ উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। ২০২০-২১ অর্থ বছরের বোরো আবাদের লক্ষমাত্রা লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে ৯৯০০ হেক্টর, আবাদ অর্জিত হয়েছে ৪০০০ হেক্টর। বোরো আবাদ চলমান আছে। সেচ পাম্পগুলো চালু রয়েছে। মাঠে শাক-সবজিসহ অন্যান্য আবাদ বৃদ্ধি পেয়েছে। | (ক) আলোচনান্তে লক্ষমাত্রা অনুযায়ী বোরো আবাদ নির্ধারিত লক্ষমাত্রা অনুযায়ী সম্পন্ন করার সার্বিক সহযোগীতা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ফরিদগঞ্জ। |
| | (খ) তিনি আরো জানান, ২০২০-২১ অর্থ বছরে চলতি রবি মৌসুমে ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে কৃষি পুনর্বাসন এর আওতায় ১০০ জন কৃষককে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে এবং রবি মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে ৫৯০ জনকে সার ও বীজ বিতরণ করা হয়েছে। এছাড়া চলতি রবি মৌসুমে বোরো ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় ২৬০০ জনকে ০২ কেজি করে হাইব্রীজ জাতের ধানের বীজ বিতরণ করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলমান। | (খ) বিস্তারিত আলোচনান্তে প্রনোদণা কর্মসূচীর আওতায় বীজ ও সার প্রকৃত কৃষকদের মাঝে সঠিকভাবে বিতরণ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ফরিদগঞ্জ ও চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, ফরিদগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা পক্ষে সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় ০৩ টি মাঠ দিবস খাতে প্রশিক্ষন প্রদানের জন্য অর্থ বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া ফরিদগঞ্জ উপজেলাধীন পৌরসভাসহ সকল ইউনিয়ন হতে প্রকৃত জেলেদের আইডি কার্ড হালনাগাদ তৈরীর নিমিত্ত নিবন্ধন হতে বাদ পড়া, জেলেদের নামের তালিকা সরবরাহ করার জন্য ফরিদগঞ্জ পৌরসভা সহ সকল ইউপি চেয়ারম্যানগনকে পত্র দেওয়া হয়েছে। মৎস্য আইন, বাজার পরিদর্শন, খাদ্য ও হ্যাচারি আইন, চাষির পুকুর পরিদর্শন, দারিদ্র বিমোচন প্রকল্পের বকেয়া ঋণ আদায়ে সহ দপ্তরের স্বাভাবিক কার্যক্রম যথানিয়মে চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে জেলেদের তালিকা হালনাগাদের কার্যক্রমে সার্বিকক সহযোগীতা করার জন্য মেয়র, ফরিদগঞ্জ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন। | মেয়র, ফরিদগঞ্জ পৌরসভা ও চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), ফরিদগঞ্জ। |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালে পর্যাপ্ত গবাদিপশু ও হাঁস-মুরগীর টিকা ও ঔষধ মজুদ আছে। শীত মৌসুমে গবাদিপশু ও হাঁস মুরগীর ভাইরাসজনিত রোগ বেড়ে যাওয়ায় মাঠ পর্যায়ে ভ্যাকসিন কার্যক্রম ও সচেতনতা কার্যক্রম জোরদার করা হয়েছে। এছাড়া হাসপাতাল থেকে সার্বক্ষনিক খামারিদের চিকিৎসাসেবা, ঔষুধ ও টিকা প্রদান অব্যহত আছে। | আলোচনান্তে স্বাস্থ্য বিধি মেনে গবাদিপশু, হাঁস-মুরগীর টিকা প্রয়োগ করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফরিদগঞ্জ। |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** (ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ২০২০-২০২১ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ ১ম পর্যায় বরাদ্দপত্র অনুযায়ী প্রকল্পের কাজ চলমান আছে।<br><br>(খ) তিনি আরো জানান ২০২০-২০২১ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) সাধারণ ১ম পর্যায়ের বরাদ্দপত্র অনুযায়ী প্রকল্পের কাজ চলমান আছে।<br>(গ) তিনি আরো জানান, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ ২য় পর্যায় ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (টি.আর) সাধারণ ২য় পর্যায় বরাদ্দপত্র পাওয়া গেছে। উক্ত বরাদ্দ ইউনিয়নওয়ারী বিভাজন করা হয়েছে। বিভাজন অনুযায়ী ইউনিয়ন পরিষদ থেকে প্রকল্প তালিকা পাওয়া গেছে। উক্ত প্রকল্পসমূহ জেলা প্রশাসকের কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করার বিষয়ে আলোচনা করেন। | (ক) আলোচনান্তে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ ১ম পর্যায়ের বরাদ্দপত্র অনুযায়ী প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) বিস্তারিত আলোচনান্তে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) সাধারণ ১ম পর্যায়ের অনুমোদিত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) বিস্তারিত আলোচনান্তে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ ২য় পর্যায় ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (টি.আর) সাধারণ ২য় পর্যায় ইউনিয়নওয়ারী বিভাজন অনুযায়ী প্রকল্প তালিকা দ্রুত জমা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন। | চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদগঞ্জ।<br>চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদগঞ্জ।<br>চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, ফরিদগঞ্জ। |
| ০৭ | **স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, বহিঃবিভাগে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৫৮৮৭ জন, আন্তঃবিভাগে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৫৮৫ জন এবং জরুরী বিভাগে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৬৬০ জন। এছাড়া ০৪ টি উপস্বাস্থ্য কেন্দ্রে ও ৩৭টি কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সেবা অব্যহত আছে। করোনা মহামারিতে এ পর্যন্ত ফরিদগঞ্জ উপজেলায় নমুনা সংগ্রহ হয়েছে ১০২৩ জন। এ পর্যন্ত প্রাপ্ত রিপোর্ট ১০২৩ জন। এর মধ্যে পজেটিভ ২৮৭ জন, নেগেটিভ ৭৩৬ ও মৃত ১৭ জন। রিপোর্ট অপেক্ষমান আছে ০০ জন ও সুস্থ হয়েছেন ২৬৫ জন। সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য আহবান করেন। এছাড়া সারাদেশের ন্যায় ফরিদগঞ্জ উপজেলায়ও হাম ও রুবেলা টিকা কার্যক্রম আজকে শেষ হবে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও করোনা ভাইরাসে সকলকে স্বাস্থ্যবিধি মেনে হাম ও রুবেলা টিকা কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফরিদগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা জানান স্বাস্থ্য বিধি ও সরকারী বিধি নিষেধ মেনে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সেবা চলমান রয়েছে। জানুয়ারি/২০২০ পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম নিম্নরুপ- স্থায়ী পদ্ধতি মহিলা ০৬, দীর্ঘ মেয়াদী পদ্ধতি আইইউডি ১২১ জন, ইমপ্লান্ট ৩১৭ জন, অস্থায়ী পদ্ধতি ইনজেকশন ১৩৭ জন, কনডম ১৫২ জন, খাবার বড়ি ৪১৭ জন। প্রতিষ্ঠানিক নরমাল ডেলিভারী ১৩৫ জন। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ দিন পরিবার কল্যাণ পরিদর্শিকাগন আবাসিকে অবস্থান করে নিজেকে সুরক্ষিত রেখে নরমাল ডেলিভারী সহ পরিবার পরিকল্পনা বিভাগীয় সেবা প্রদান চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে পরিবার পরিকল্পনা বিভাগে কর্মরত সকল কর্মীকে স্বাস্থ্যবিধি মেনে সেবা প্রদানের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফরিদগঞ্জ। |
| ০৯ | **প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান সরকারের নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। ডাক বিভাগের ডিজিটাল লেনদেন 'নগদ' এর মাধ্যমে উপবৃত্তির অর্থ বিতরণের লক্ষ্যে নতুন ছাত্রছাত্রীদের জন্মনিবন্ধন প্রয়োজন বিধায় প্রত্যেক চেয়ারম্যানকে জন্ম নিবন্ধন সরবরাহ করার জন্য অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে জন্ম নিবন্ধন সার্ভার বন্ধ থাকায় জন্ম নিবন্ধন আপাতত সরবরাহ করা যাচ্ছে না মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট থেকে জানা যায়। সার্ভার ঠিক হলে দ্রুতসময়ের মধ্যে জন্ম নিবন্ধন সরবরাহ করা হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফরিদগঞ্জ ও সংশ্লিষ্ট সকল। |
| ১০ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান মাধ্যমিক পর্যায়ে ২০২১ সালে ভর্তিকৃত ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীর শিক্ষার্থীদের উপবৃত্তির অন্তর্ভুক্তি কার্যক্রম শেষ হয়েছে। এছাড়া ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীর শিক্ষার্থীদের পুর্নবিন্যাশকৃত পাঠ্যসূচীর আলোকে মূল্যায়ন নির্দেশনা এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান আছে। জুম এ্যাপ এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষ ও বিদ্যালয় প্রধানদের সাথে জুম মিটিং করা হচ্ছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে সরকারের নির্দেশনাসমূহ যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফরিদগঞ্জ ও সংশ্লিষ্ট সকল। |
| ১১ | **উপজেলা সমাজসেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান ২০২০-২১ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতাভোগীর বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ ইউনিয়নওয়ারী বিভাজন করা হয়েছে। নীতিমালা অনুযায়ী প্রতিবন্ধী ভাতার তালিকা প্রস্তুতকরার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটিকে অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত প্রতিবন্ধী ভাতাভোগীর তালিকা প্রস্তুতকরে উপজেলা কার্যালয়ে জমা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফরিদগঞ্জ ও চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ ফরিদগঞ্জ। |
| ১২ | **মহিলা বিষয়ক বিভাগ ঃ** (ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান ২০২১-২০২২ ভিজিডি চক্রের চুড়ান্ত তালিকার কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।<br><br>(খ) তিনি আরো জানান ২০২০-২০২১ অর্থ বছরে মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচীর আওতায় প্রত্যেক ইউনিয়নে ৫৫ জন করে সর্বমোট ৮২৫ জন অনুমোদিত তালিকা পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | (ক) বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ ভিজিডি চক্রের চুড়ান্ত তালিকা যাছাই বাছাই কার্যক্রম সম্পন্ন করে অনুমোদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>(খ) বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরে মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচীর আওতায় প্রত্যেক ইউনিয়নে ৫৫ জন করে সর্বমোট ৮২৫ জন অনুমোদিত ভাতাভোগীর ব্যাংক হিসাব খোলাসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফরিদগঞ্জ।<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফরিদগঞ্জ। |
| ১৩ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, চলতি অর্থ বছরে জানুয়ারি/২০২১ মাস পর্যন্ত ২২৫ যুব ও যুবমহিলাকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। প্রশিক্ষনপ্রাপ্ত ৬৪ জন যুব ও যুবমহিলাদের মাঝে কর্মসংস্থানের জন্য ১৬,০০,০০০/- (ষোল লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হবে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলমান। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমে জনপ্রতিনিধিদের সম্পক্ত করে কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফরিদগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** ঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে ১৫ টি ইউনিয়নে ৯০০টি ৬নং গভীর নলকূপের বরাদ্দপত্র অনুযায়ী স্থান তালিকা নির্বাচন করা হয়েছে। স্থান তালিকা মোতাবেক এ পর্যন্ত ২২০ নলকূপ স্থাপন কাজ শেষ হয়েছে। বিভাগীয় কার্যক্রম চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের নীতিমালা মোতাবেক স্থান তালিকা স্থান তালিকা অনুযায়ী নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফরিদগঞ্জ। |
| ১৫ | **সমবায় বিভাগ** ঃ উপজেলা সমবায় কর্মকর্তা কর্মকর্তা জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি নিয়ে নিয়মিত সভায় জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ফরিদগঞ্জ। |
| ১৬ | **পল্লী উন্নয়ন বিভাগ** ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান ২০২০-২১ অর্থ বছরে ০৫ টি কর্মসূচীতে ৬৭৭ জন সুফলভোগীকে ১৮৯.৫৪ (লক্ষ) টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে এবং ১৮৪.৩৫ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। সুফলভোগীদের নিকট হতে ৬.২৮ লক্ষ টাকা সঞ্চয় আদায় এবং ০.১৫ হাজার টাকা শেয়ার আদায় করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ঋণ কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য এবং বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফরিদগঞ্জ। |
| ১৭ | **খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সর্ম্পকে আলোচনা করা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে নিয়মিত মাসিক সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করার জন্য উপজেলা খাদ্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, ফরিদগঞ্জ। |
| ১৮ | **বন বিভাগ** ঃ ফরেস্টার, বন বিভাগ সভায় জানান বিক্রয়/বিতরনের জন্য ৫০০০টি বনজ, ফলজ ও ঔষুধী গাছের চারা উৎপাদনের কাজ চলমান আছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি নিয়ে নিয়মিত সভায় আলোচনা করার জন্য ফরেস্টার, বন বিভাগকে অনুরোধ করা হয়। | ফরেস্টার, বনবিভাগ ফরিদগঞ্জ। |
| ১৯ | আমার বাড়ি আমার খামার ঃ (ক) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার পক্ষে জানান ৩য় সংশোধনী প্রকল্পের আওতায় ২২৯ টি সমিতি গঠন করা হয়েছে। সমিতির সদস্য সংখ্যা ৯৪২৭ জন। সমিতির আদায়কৃত সঞ্চয় ২২৪.৮৩(লক্ষ) টাকা। উৎসাহ বোনাস ১৮৮.৭০(লক্ষ) টাকা। ঘূর্নায়মান তহবিল ৫৪৮.০০ লক্ষ টাকা। মোট তহবিল ৯৮৬.৯৬ লক্ষ টাকা। সদস্যদের মধ্য থেকে এ পর্যন্ত ৯৯৭.৪৫ (লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে মাঠ কর্মীরা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগীতা নিয়ে সঞ্চয় আদায় এবং ঋন বিতরণে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের পরামর্শ প্রদানের জন্য উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামারকে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি একটি খামার প্রকল্প,ফরিদগঞ্জ |
| | (খ) তিনি আরো জানান পল্লী সঞ্চয় ব্যাংকের আওতায় এ পর্যন্ত ১৬০ জন উপকারভোগীর মাঝে ১০৪.৭০ (লক্ষ টাকা) করে ক্ষুদ্র উদ্যেক্তা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া কোভিড-১৯ মোকাবেলায় প্রনোদনা হিসাবে ১৬৫ জন সদস্যকে ৮২.৫০ (লক্ষটাকা) ঋণ বিতলন করা হয়েছে। খেলাফি ঋণ আদায়ে জনপ্রতিনিধিসহ সকলের সহযোগীতা কামনা করেন। | (খ) বিস্তারিত আলোচনান্তে পল্লী সঞ্চয় ব্যাংকের আওতায় ক্ষুদ্র উদ্যেক্তারা প্রাপ্ত ঋণ সঠিকভাবে ব্যবহার করে মাঠ কর্মীদের মাধ্যমে তদারকি করার জন্য উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামারকে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি একটি খামার প্রকল্প,ফরিদগঞ্জ |
| ২০ | **পল্লী বিদ্যুৎ** ঃ ডিজিএম পল্লী বিদ্যুৎ, ফরিদগঞ্জ এর কার্যবিবরনীতে উল্লেখ করেন বর্তমানে ফরিদগঞ্জ উপজেলায় ২টি উপকেন্দ্রের বিদ্যুৎ সরবরাহ ক্ষমতা ৫০ মেগাওয়াট। যাহা বর্তমান চাহিদার তুলনায় অনেক বেশি। তিনি জানুয়ারি/২০২০ মাসের সেবার তথ্যাদি সভায় উপস্থাপন করেন। মোট মিটার স্থাপন ৫০৭ টি, বিদ্যুৎ ক্রয় ৬৩,৫৭,৫০৩ বিদ্যুৎ বিক্রয় ৫৪,৪১,৪১৭, বিলকৃত অর্থ ২,৫৫,১৬,৫৬৯/- টাকা, আদায়কৃত অর্থ ৩,৭৮,০০,৫০৩/- টাকা। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সকলের আন্তরিক সহযোগীতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে নিরবিচ্ছিন্ন ভাবে বিদ্যুৎ সরবরাহের সকল প্রকার পদক্ষেপ গ্রহনের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎকে অনুরোধ করেন। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, ফরিদগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ২১ | (ক) উপজেলা পরিষদের জীপ গাড়ী চাঁদপুর-ঘ, ১১০০২৯ এর ডিজিটাল টেক্স টোকেন নবায়নে বিষয়ে উপজেলা পরিষদ গাড়ী চালক আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। জীপ গাড়ীর টেক্স টোকেন নবায়নের জন্য ৭,৫২৭/- (সাত হাজার পাঁচশত সাতাইশ টাকা) প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ গাড়ী চালক আবেদন প্রেক্ষিতে উপজেলা পরিষদের জীপ গাড়ী চাঁদপুর-ঘ, ১১০০২৯ এর টেক্স টোকেন নবায়নের জন্য ৭,৫২৭/- (সাত হাজার পাঁচশত সাতাইশ টাকা) ব্যাংক রশিদের মাধ্যমে পরিশোধের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর। |

সভায় বস্তুনিষ্ঠ আলোচনা ও কর্মপরিকল্পনা নির্ধারণের সুবিধার্থে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণকে কার্যক্রমের সুনির্দিষ্ট তথ্য উপাত্তসহ অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলার উন্নয়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ জাহিদুল ইসলাম)
চেয়ারম্যান, ফরিদগঞ্জ উপজেলা পরিষদ
ও
সভাপতি, উপজেলা পরিষদের মাসিক সভা
ফরিদগঞ্জ, চাঁদপুর।

স্মারক নং- ০০.২০.১৩৪৫.০০০.০৯.০০৩.২০-৮৯(৫০)

তারিখঃ ১৫ ফাল্গুন ১৯২৭
২৮ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি; সদয় জ্ঞাতার্থে ঃ

১. মাননীয় মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় সংসদ সদস্য, ২৬৩ চাঁদপুর-৪, ফরিদগঞ্জ।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের অফিস, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, চাঁদপুর।

অনুলিপি; জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

৭. মেয়র, ফরিদগঞ্জ পৌরসভা, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৮. ভাইস চেয়ারম্যান, ফরিদগঞ্জ উপজেলা পরিষদ, চাঁদপুর।
৯. মহিলা ভাইস চেয়ারম্যান, ফরিদগঞ্জ উপজেলা পরিষদ, চাঁদপুর।
১০. উপজেলা ---------------------------- কর্মকর্তা, ফরিদগঞ্জ, চাঁদপুর।
১১. সহকারী প্রোগামার, পত্রটি উপজেলা পরিষদের ওয়েবসাইটে আফলোডের অনুরোধ জন্য।
১২. চেয়ারম্যান, ---------------------------- ইউ,পি, (সকল), ফরিদগঞ্জ, চাঁদপুর।
১৩. জনাব ---------------------------------------- ফরিদগঞ্জ, চাঁদপুর।

(শিউলী হরি)
উপজেলা নির্বাহী অফিসার
ফরিদগঞ্জ, চাঁদপুর।
ফোন ঃ ০৮৪২২-৬৪০০১
E-mail:unofaridganj@mopa.gov.bd